গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-০৭/২০১৯-২০২০
ঢাকা, ৮ জুলাই সোমবার ২০১৯, ২৪ আষাঢ় ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। চীন সফরের ওপর প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন আজ
২। ঢাকায় বিনিয়োগ সম্মেলন শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৩। স্পিকারের সঙ্গে ইউএনডিপি'র প্রতিনিধিদলের সাক্ষাৎ : কর্মশালা-সংক্রান্ত এমওইউ স্বাক্ষর
৪। গ্যাসের দাম বাড়ানোর ফলে সবাই লাভবান হবে : সংসদে কৃষিমন্ত্রী
৫। গত পাঁচ বছরে ২ কোটি নতুন বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
৬। সংবাদপত্রের নবম ওয়েজ বোর্ড ঘোষণা অচিরেই : সংসদে তথ্য প্রতিমন্ত্রী
৭। সংসদে প্রাণিকল্যাণ ও ভেটেরিনারি কাউন্সিল বিল-২০১৯ পাস
৮। আগামী মাস থেকে খুলছে মালয়েশিয়ার শ্রমবাজার :
মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের বৈঠক
৯। ঢামেকে কার্ডিয়াক ও ভাসকুলার সার্জারি বিভাগ এর উদ্বোধন করলেন স্বাস্থ্যমন্ত্রী
১০। আগামী ১৬ জুলাই থেকে মিলবে সর্বোনিম্ন মূল্যে ইন্টারনেট ব্যান্ডউইথ
বিটিসিএলকে সেরা প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য কার্যপরিকল্পনা গ্রহণের নির্দেশ টেলিযোগাযোগ মন্ত্রীর
১১। আগামী ৫ বছরে দেশের প্রযুক্তিখাতে ১০ লাখ কর্মসংস্থান সৃষ্টি হবে : লন্ডনে তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী
১২। কৃষকের তালিকা না পাওয়ায় ধান কিনতে সমস্যা হচ্ছে : খাদ্যমন্ত্রী
১৩। আগামী বছর সব হজযাত্রীর ইমিগ্রেশন ঢাকায় হবে : ধর্ম প্রতিমন্ত্রী
১৪। আর্থসামাজিক উন্নতিতে কৃষি ও কৃষক অপরিহার্য : কৃষিমন্ত্রী
১৫। দেশের সব মানুষ উন্নয়ন পরিকল্পনার অবিচ্ছেদ্য অংশ : শিক্ষামন্ত্রী
১৬। নারীদের ওপর লবণাক্ততার প্রভাব মোকাবিলায় ২৭৪ কোটি টাকার প্রকল্প

চলমান পাতা-২



১। চীন সফরের ওপর প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন আজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনে তাঁর পাঁচদিনের দ্বিপক্ষীয় সফরের বিষয়ে আজ (৮ জুলাই সোমবার) সংবাদসম্মেলনে বক্তব্য রাখবেন। প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে সংবাদসম্মেলন বিকাল ৪টায় অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা

চীনের প্রধানমন্ত্রী লি কেকিয়াংয়ের আমন্ত্রণে পাঁচদিনের সরকারি সফর শেষে গত ৬ জুলাই শনিবার দেশে ফেরেন। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**২। ঢাকায় বিনিয়োগ সম্মেলন শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ থেকে ঢাকায় শুরু হচ্ছে চার দিনের এপেক এফআরটিই (এশিয়া প্যাসিফিক ইকোনমিক কোঅপারেশন ফিন্যান্সিয়াল রেগুলেটরস ট্রেনিং ইনিশিয়েটিভ) সম্মেলন। রাজধানীর সোনারগাঁও হোটেলে সম্মেলন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। 'আর্থিক সচেতনতা এবং বিনিয়োগকারীদের সুরক্ষা' শীর্ষক এ সম্মেলনের যৌথ আয়োজক শেয়ারবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। সূত্র : **সমকাল** (পৃ.১২,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৫)।

**৩। স্পিকারের সঙ্গে ইউএনডিপি'র প্রতিনিধিদলের সাক্ষাৎ : কর্মশালা-সংক্রান্ত এমওইউ স্বাক্ষর**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে বাংলাদেশে ইউএনডিপি'র ব্যুরো অভ্ পলিসি এন্ড প্রোগ্রাম সাপোর্টের টিম লিডার চার্লস চওভেলের নেতৃত্বে এক প্রতিনিধিদল গতকাল (৭ জুলাই রোববার) জাতীয় সংসদে ভবনে সাক্ষাৎ করেছে। সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশের টেকসই উন্নয়নে লক্ষ্য (এসডিজি) অর্জন এবং সংসদ সদস্য ও সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের কর্মশালা বিষয়ে আলোচনা করেন। এ সময় বাংলাদেশে জাতীয় সংসদ সচিবালয়ে এবং ইউএনডিপি'র মাঝে কর্মশালা বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। স্পিকার বলেন, বাংলাদেশ এখন টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে কাজ করে যাচ্ছে। সে লক্ষ্যে আগামীকাল ৮ জুলাই জাতীয় সংসদে ভবনের শপথকক্ষে ৭৫ জন মনোনীত সংসদ সদস্য নিয়ে এসডিজি বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৪। গ্যাসের দাম বাড়ানোর ফলে সবাই লাভবান হবে : সংসদে কৃষিমন্ত্রী**

গ্যাসের দাম বাড়ানোর ফলে পরোক্ষভাবে সবাই লাভবান হবে বলে দাবি করেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। গতকাল (৭ জুলাই রোববার) জাতীয় সংসদে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদের পক্ষে তিনি বলেন, এতে কিছু মানুষ প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত হলেও পরোক্ষভাবে আমরা সবাই লাভবান হব। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **সমকাল** (শেষ পৃ,ক.৩), **অবজারভার** (পৃ.২,ক.১)।

**৫। গত পাঁচ বছরে ২ কোটি নতুন বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, গত পাঁচ বছরে ১ কোটি ৯০ লাখ গ্রাহককে নতুন বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে। গতকাল (৭ জুলাই রোববার) সংসদে প্রশ্নোত্তরে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। বিদ্যুৎ প্রতিমন্ত্রী বলেন, বিদ্যুৎ খাতে সরকারের নানামুখী পদক্ষেপের ফলে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা চার গুণ বৃদ্ধি পেয়েছে। প্রতিমন্ত্রী আরো বলেন, বর্তমান সরকার ২০০৯ সালে দায়িত্ব গ্রহণের পর থেকে ২০১৯ সালের মে পর্যন্ত মোট ১৩ হাজার ৫৩৬ মেগাওয়াট ক্ষমতার ১১৪টি বিদ্যুৎকেন্দ্র চালু হয়েছে। এছাড়া এ সরকার দায়িত্ব গ্রহণের পর ভারত থেকে বিদ্যুৎ আমদানির মাধ্যমে আরও ১ হাজার ১৬০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হয়েছে। ফলে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনসংখ্যা ৪৭ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৯৩ শতাংশে পৌঁছেছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭)।

**৬। সংবাদপত্রের নবম ওয়েজ বোর্ড ঘোষণা অচিরেই : সংসদে তথ্য প্রতিমন্ত্রী**

তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান সংসদকে জানিয়েছেন, সংবাদপত্রের নবম মজুরি বোর্ড ইতোমধ্যে রিপোর্ট দিয়েছে। রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষার জন্য সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের মন্ত্রীর সভাপতিত্বে সাত সদস্যের একটি মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। কমিটি সব অংশীজনের সঙ্গে সভা করেছে। অচিরেই নবম সংবাদপত্র মজুরি বোর্ড রোয়েদাদ ঘোষণা করা হবে। গতকাল (৭ জুলাই রোববার) সংসদে প্রশ্নোত্তরে তথ্যমন্ত্রী ড. হাসান মাহ্মুদের অনুপস্থিতিতে তাঁর পক্ষে তথ্য প্রতিমন্ত্রী এ কথা জানান। অপর এক সম্পূরক প্রশ্নের জবাবে তথ্য প্রতিমন্ত্রী বলেন, অনলাইন নিউজ পোর্টালগুলো নিবন্ধনের জন্য সরকার সব ধরনের প্রস্তুতি নিচ্ছে। নিউজ পোর্টালগুলোয় যেন বিভ্রান্তিকর ও ভুল তথ্য প্রকাশিত না হয়, তার জন্য ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।



**৭। সংসদে প্রাণিকল্যাণ ও ভেটেরিনারি কাউন্সিল বিল-২০১৯ পাস**

প্রাণীর প্রতি নিষ্ঠুরতা প্রতিরোধ সদয় আচরণ ও দায়িত্বশীল প্রতিপালনের মাধ্যমে প্রাণিকল্যাণ নিশ্চিতে প্রয়োজনীয় বিধান রেখে জাতীয় সংসদে প্রাণিকল্যাণ বিল-২০১৯ পাস হয়েছে। এছাড়া বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল বিল-২০১৯

ও পাস হয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু এ দু'টি বিল পাসের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র : **যুগান্তর** (পৃ.১৬,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

৮। **আগামী মাস থেকে খুলছে মালয়েশিয়ার শ্রমবাজার :**
**মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের বৈঠক**

আগামী আগস্ট মাস থেকে আবারো খুলছে মালয়েশিয়ার শ্রমবাজার। গতকাল (৭ জুলাই রোববার) রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সাইফুদ্দিন বিন আবদুল্লাহর সঙ্গে বৈঠক শেষে এ আশাবাদ ব্যক্ত করেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, গত ডিসেম্বর থেকে মালয়েশিয়া নতুন করে জনশক্তি নিচ্ছে না। মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, তারা সমন্বিত সমঝোতা তৈরি করছেন। প্রধানমন্ত্রী মাহথির মোহাম্মদ এতে নেতৃত্ব দিচ্ছেন। আগামীতে কীভাবে জনশক্তি নেবেন তা ঠিক করছেন। তিনি আশা করছেন, আগস্ট থেকে দরজা আবার খুলে যাবে। সূত্র-**বণিকবার্তা** (পৃ.৬,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.৭)।

৯। **ঢামেকে কার্ডিয়াক ও ভাসকুলার সার্জারি বিভাগ এর উদ্বোধন করলেন স্বাস্থ্যমন্ত্রী**

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে কার্ডিয়াক সার্জারি ও ভাসকুলার সার্জারি বিভাগ চালু করা হয়েছে। দেশের অন্যতম শীর্ষ চিকিৎসা প্রতিষ্ঠানটিতে এ বিভাগ দু'টি ছিল না। কার্ডিয়াক সার্জারি বিভাগটি চালুর মধ্য দিয়ে প্রতিদিন ৬-৭ জন রোগীর বাইপাস সার্জারি করা সম্ভব হবে। গতকাল (৭ জুলাই রোববার) স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক নতুন বিভাগের উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী বলেন. এতদিন রোগীরা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে বাইপাস সার্জারি সেবা পেতেন না। নতুন বিভাগ দু'টি চালুর মধ্য দিয়ে তাদের চিকিৎসাসেবা সম্প্রসারিত হলো। প্রায় ২৭ কোটি টাকা ব্যয়ে বিভাগ দু'টি চালু করা হয়েছে। এসব বিভাগে দায়িত্ব পালনকারী চিকিৎসক, নার্সসহ সবাইকে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

১০। **আগামী ১৬ জুলাই থেকে মিলবে সর্বোনিম্ন মূল্যে ইন্টারনেট ব্যান্ডউইথ**
**বিটিসিএলকে সেরা প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য কার্যপরিকল্পনা গ্রহণের নির্দেশ টেলিযোগাযোগ মন্ত্রীর**

ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট ব্যবহার নিশ্চিত করতে বিটিসিএল এর এডিএসএল এবং জিপন এর ইন্টারনেট ব্যান্ডউইথের দাম অর্ধেকেরও বেশি কমানো হয়েছে। বিটিসিএল ল্যান্ডফোনে এডিএসএল ও জিপন ব্যবহারকারী গ্রাহকগণ আগামী **১৬** জুলাই থেকে এ সুবিধা পাবেন। ঢাকায় বিটিসিএল কার্যালয়ে আয়োজিত এক বৈঠকে গতকাল (৭ জুলাই রোববার) এ সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার বিটিসিএল এর সম্পদ, নেটওয়ার্ক এবং বিদ্যমান মানবসম্পদ যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে কাজে লাগিয়ে প্রতিষ্ঠানটিকে সেরা প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য লাগসই কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.১)।

১১। **আগামী ৫ বছরে দেশের প্রযুক্তিখাতে ১০ লাখ কর্মসংস্থান সৃষ্টি হবে : লন্ডনে তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, বাংলাদেশে বিনিয়োগের অনুকূল পরিবেশ বিরাজ করছে। তিনি বাংলাদেশের তথ্যপ্রযুক্তিখাতসহ বিভিন্ন খাতে বিনিয়োগ করে সরকার প্রদত্ত সুযোগ-সুবিধা গ্রহণ করতে যুক্তরাজ্যসহ দেশি বিদেশি বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানান। গতকাল (৭ জুলাই রোববার) লন্ডনস্থ বাংলাদেশ হাইকমিশনে 'পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ' আয়োজিত এক বিনিয়োগ সভায় বক্তৃতাকালে তিনি এ আহ্বান জানান। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের বিভিন্ন কার্যক্রম তুলে ধরে প্রতিমন্ত্রী আরো বলেন, গত দশ বছরে আইসিটিখাতে দশ লাখ জনবলের কর্মসংস্থান হয়েছে এবং আগামী পাঁচ বছরে আরো দশ লাখ কর্মসংস্থান সৃষ্টি করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.৬)।



১২। **কৃষকের তালিকা না পাওয়ায় ধান কিনতে সমস্যা হচ্ছে : খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, কৃষি বিভাগ থেকে কৃষকদের সঠিক তালিকা না পাওয়ায় আমরা সঠিকভাবে কৃষকদের কাছ থেকে ধান কিনতে পারছি না। গতকাল (৭ জুলাই রোববার) নওগাঁর নিয়ামতপুর উপজেলা

খাদ্যগুদাম পরিদর্শনকালে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, প্রকৃত কৃষকদের কাছ থেকে ন্যায্যমূল্যে ধান কেনার জন্য ডিসি, এসপি, উপজেলা নির্বাহী কর্মকর্তারা কৃষকদের বাড়ি বাড়ি যাচ্ছেন। সূত্র-**বণিকবার্তা** (পৃ.৬,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৭,ক.৬)।

**১৩। আগামী বছর সব হজযাত্রীর ইমিগ্রেশন ঢাকায় হবে : ধর্ম প্রতিমন্ত্রী**

ধর্মপ্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আবদুল্লাহ বলেছেন, আগামী বছর থেকে সব হজযাত্রীর ইমিগ্রেশন ঢাকায় হবে। সে লক্ষ্যেই কাজ করছে বাংলাদেশ ও সৌদি আরব। গতকাল (৭ জুলাই রোববার) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হজযাত্রীদের সৌদি অংশের ইমিগ্রেশন কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৭,ক.৬)।

**১৪। আর্থসামাজিক উন্নতিতে কৃষি ও কৃষক অপরিহার্য : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, দেশের আর্থসামাজিক উন্নতি এবং অগ্রগতিতে কৃষি ও কৃষক অপরিহার্য। তারা কেবল খাদ্য উৎপাদন নয়, জাতীয় আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উৎপাদিত পণ্যের সবকিছু আসে কৃষিখাত থেকে। নিত্যপ্রয়োজনীয় খাদ্য থেকে শিল্পের কাঁচামাল সবকিছুর জোগান দেয় কৃষি। গতকাল (৭ জুলাই রোববার) রাজধানীর নর্থ সাউথ ইউনিভার্সিটিতে 'এগ্রিবিজনেস উদ্ভাবন : টেকসই উন্নয়নের পথে বাংলাদেশ' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**১৫। দেশের সব মানুষ উন্নয়ন পরিকল্পনার অবিচ্ছেদ্য অংশ : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, আমরা অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির কথা বলছি। অর্থনীতির পুরো বিষয়টাই অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি। তৃতীয় লিঙ্গের মানুষ থেকে শুরু করে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রান্তিক জনগোষ্ঠী-সবাই আজ আমাদের উন্নয়ন পরিকল্পনার অবিচ্ছেদ্য অংশ। গতকাল (৭ জুলাই রোববার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে 'টেকসই উন্নয়নের জন্য অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী পর্বে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**১৬। নারীদের ওপর লবণাক্ততার প্রভাব মোকাবিলায় ২৭৪ কোটি টাকার প্রকল্প**

উপকূলীয় এলাকায় লবণাক্ততা মোকাবিলায় অভিযোজন সক্ষমতা বাড়াতে ২৭৪ কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করবে মহিলা বিষয়ক অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। গতকাল (৭ জুলাই রোববার) রাজধানীর ইস্কাটনের ইনস্টিটিউট অভ্ ইন্টারন্যাশনাল এন্ড স্ট্যাটেজিক স্টাডিজ (বিস) মিলনায়তনে আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের সচিব কামরুন নাহার এ তথ্য জানান। 'উপকূলীয় জনগোষ্ঠীর বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা মোকাবিলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প নিয়েই এ কর্মশালার আয়োজন করা হয়। কামরুন নাহার বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে লবণাক্ততার ক্ষতিকর প্রভাব সরাসরি নারী ও শিশুর জীবনকে আক্রান্ত করছে। একইসঙ্গে লবণাক্ততা উপকূলীয় এলাকার মানুষের অভিযোজন ক্ষমতা কমিয়ে দিচ্ছে। ফলে তাদের জীবন অরক্ষিত হয়ে পড়ছে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**=৫=**

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** রোহিঙ্গা শিবিরের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে নতুন করে ভাবছে সরকার এক প্রতিবেদনে তা প্রকাশিত

হওয়ায় সন্তোষ প্রকাশ করে রোহিঙ্গা শিবির ঘিরে গড়ে ওঠা অপরাধী চক্র দমনে নিরাপত্তা ও নজরদারি বাড়ানোর সুপারিশ।

খ. **যায়যায়দিন :** মে ও জুন মাসে বজ্রপাতে সারাদেশে ১২৬ জনের প্রাণহানি ঘটেছে উল্লেখ করে বজ্রপাতের মতো প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রতিরোধমূলক ব্যবস্থা ও সচেতনতার বিকল্প নেই বলে মন্তব্য।

গ. **ভোরের কাগজ :** সরকারি হিসাব মতে, গত তিনদিনে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়েছে ২৫৪ জন, যারমধ্যে মৃত্যুবরণ করেছে ৮ জন উল্লেখ করে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতার আহ্বান।

ঘ. **যুগান্তর :** প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রেক্ষিতে ঝুঁকিপূর্ণ রেলপথ ও সেতু সংস্কারের কাজ শুরু হওয়ার সংবাদ ইতিবাচক উল্লেখ করে যথাযথভাবে সংস্কার কাজ সম্পন্ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ইত্তেফাক :** পরিবেশ দূষণের ন্যায় খাদ্যদূষণ ব্যাপক আকার ধারণ করেছে উল্লেখ করে যেকোনো মূল্যে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান :** নিষিদ্ধ করার পরও ক্ষতিকর পলিথিন ব্যাগ সর্বত্র ব্যবহার করা হচ্ছে উল্লেখ করে পরিবেশের সুরক্ষায় এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** রাজধানীর আশেপাশে গাজীপুর, নারায়ণগঞ্জের মতো ছোট ছোট শহরেও জলাবদ্ধতা একটি বড় সমস্যা হিসেবে দেখা দিয়েছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সবার জন্য বিদ্যুৎ যৌক্তিক ও সহনীয় মূল্যে সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর থেকে বিদ্যুৎ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে নানাবিধ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, প্রাথমিক শিক্ষায় সকল ঘাটতি পূরণ করে শিশু-কিশোরদের আদর্শ ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা